

🗏 আল-ইনসান (আদ-দাহর) | Al-Insan | ٱلْإِنْسَان

আয়াতঃ ৭৬:৩১

💵 আরবি মূল আয়াত:

يُّدخِلُ مَن يَّشَاءُ فِي رَحمَتِهِ ؟ وَ الظُّلِمِينَ اَعَدَّ لَهُم عَذَابًا اَلِيمًا ﴿٣٦﴾

🗚 অনুবাদসমূহ:

যাকে ইচ্ছা তিনি স্বীয় রহমতে প্রবেশ করাবেন এবং যালিমদের জন্য তিনি প্রস্তুত রেখেছেন যন্ত্রণাদায়ক আযাব।
— আল-বায়ান

তিনি যাকে ইচ্ছে তাঁর রাহমাতে দাখিল করেন। আর যালিমরা- তাদের জন্য তিনি প্রস্তুত করে রেখেছেন বড়ই পীডাদায়ক শাস্তি। — তাইসিক্ল

তিনি যাকে ইচ্ছা তাঁর অনুগ্রহের অন্তর্ভুক্ত করেন, কিন্তু যালিমদের জন্যতো তিনি প্রস্তুত রেখেছেন মর্মন্তদ শাস্তি।

— মুজিবুর রহমান

He admits whom He wills into His mercy; but the wrongdoers - He has prepared for them a painful punishment. — Sahih International

৩১. তিনি যাকে ইচ্ছে তাঁর অনুগ্রহের অন্তর্ভুক্ত করেন, কিন্তু যালেমরা— তাদের জন্য তিনি প্রস্তুত রেখেছেন যন্ত্রণাদায়ক শাস্তি।

তাফসীরে জাকারিয়া

- (৩১) তিনি যাকে ইচ্ছা তাঁর করুণার অন্তর্ভুক্ত করেন। আর যালেমরা; তাদের জন্য তো তিনি প্রস্তুত রেখেছেন যন্ত্রণাদায়ক শাস্তি। [1]
 - [1] يُعَذَّبُ কর্মপদ। কারণ এর পূর্বে يُعَذَّبُ ক্রিয়াপদ উহ্য আছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5622

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন